



# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd

স্মারক নং- ..... তারিখ: .....

প্রেরক : বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী।

প্রাপক : সভাপতি,

ম্যানেজিং কমিটি

ভাঙ্গুড়া জরিণা রহিম বালিকা উচ্চ বিদ্যালয়

ডাক : ভাঙ্গুড়া, উপজেলা:/থানা: ভাঙ্গুড়া, জেলা : পাবনা।

বিষয় : ভাঙ্গুড়া জরিণা রহিম বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো: শওকত আলীর সাময়িক বরখাস্তের বিষয় অবহিত করণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পাবনা জেলার ভাঙ্গুড়া উপজেলাধীন ভাঙ্গুড়া জরিণা রহিম বালিকা উচ্চ বিদ্যালয়ের সাময়িক বরখাস্তকৃত প্রধান শিক্ষক মো: শওকত আলী এর চূড়ান্ত বরখাস্তের বিষয়টি ১২/০৫/২০১৮ তারিখে অনুষ্ঠিত ১০/২০১৮ নং আপীল এন্ড আরবিট্রেশন কমিটিতে উপস্থাপন করা হয়। কিন্তু বিজ্ঞ সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আমলী আদালত -৫ পাবনাতে তার বিরুদ্ধে জিআর ৯৫/২০১৭ (ভাঙ্গুড়া) নং-মামলা চলমান থাকায় উক্ত মামলা নিষ্পত্তি না হওয়া পর্যন্ত তিনি সাময়িক বরখাস্ত থাকবেন মর্মে কমিটিতে সুপারিশ গৃহীত হয়। আপীল এন্ড আরবিট্রেশন কমিটিতে গৃহীত উক্ত সুপারিশ ০৬/০৬/২০১৮ তারিখে অনুষ্ঠিত ২৪৪ তম বোর্ড সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়েছে এবং তা প্রক্রিয়াজাত আছে। তাই সাময়িক বরখাস্ত কালীন বিদ্যালয়ের শিক্ষক কর্মচারীদের বেতন ভাতা বিলে স্বাক্ষরসহ বিদ্যালয়ের যে কোন আর্থিক কার্যক্রম সম্পাদন করা তার পক্ষে আইনসম্মত বলে বিবেচিত হবেনা। বিধায়, সাময়িক বরখাস্তকৃত প্রধান শিক্ষক মো: শওকত আলীর বিরুদ্ধে দায়েরকৃত ফৌজদারী মামলা নিষ্পত্তি না হওয়া পর্যন্ত বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক, শিক্ষক কর্মচারীদের বেতনভাতা বিলে স্বাক্ষর করবেন।

বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
রাজশাহী।

০৭২১-৭৭৫৭৬৮ (অফিস)

স্মারক নং- ৪১৭৯/৩/২৫/২৪২  
অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হ'ল:

- ১। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, ভাঙ্গুড়া, পাবনা।
- ৩। জেলা শিক্ষা অফিসার, পাবনা।
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ভাঙ্গুড়া, পাবনা।
- ৫। ব্যবস্থাপক, সোনালী ব্যংক লি., ভাঙ্গুড়া শাখা, ভাঙ্গুড়া, পাবনা।
- ৫। মো: শওকত আলী, প্রধান শিক্ষক, সাময়িক বরখাস্তকৃত ভাঙ্গুড়া জরিণা রহিম বালিকা উচ্চ বিদ্যালয়  
ডাক : ভাঙ্গুড়া, উপজেলা:/থানা: ভাঙ্গুড়া, জেলা : পাবনা।
- ৬। প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত) ভাঙ্গুড়া জরিণা রহিম বালিকা উচ্চ বিদ্যালয়  
ডাক : ভাঙ্গুড়া, উপজেলা:/থানা: ভাঙ্গুড়া, জেলা : পাবনা।

SCHOOL\_G/Rizaul\_ F.D.R-peg/377

বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী।

০৭২১-৭৭৫৭৬৮ (অফিস)

SCHOOL\_G/Rizaul\_ F.D.R-peg/377



